

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[ আইন-২ অধিশাখা ]

www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.৫৬২.২০১২-৬৭

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৪  
৩০ জুলাই ২০১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৯০৮৮/২০১৭ [পিটিশনার জনাব মোঃ আব্দুর রহিম, পিং-মোঃ আব্দুল মান্নান, ওভাশিয়ার, কালুরঘাট  
আইআরপি ও বুন্টার স্টেশন, চট্টগ্রাম ওয়াসা'সহ ৪জন-বনাম-সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৫.০৭.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২১.০৬.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক ১০ এপ্রিল ২০১৭ তারিখের ৪৮৩ নম্বর অফিস আদেশমূলে কর্মরত ৭(সাত)জন উপ-সহকারি প্রকৌশলীকে সহকারী প্রকৌশলী (জাতীয় বেতন স্কেলের গ্রেড-৯) পদে পদোন্নতির আদেশ চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৪ জনকে প্রতিপক্ষ করে ৪(চার)জন পিটিশনার কর্তৃক এই রীটটি দায়ের করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত অফিস আদেশটি কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ সংরক্ষণ করতঃ ইংরেজীতে দফাওয়ারী জবাব/ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসংগিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জবুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগের আইন-২ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি-১ (এক) ফর্দ।

৩০.৭.১৭

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

চট্টগ্রাম ওয়াসা

চট্টগ্রাম।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাঃসঃ), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/মাস্টার কপি।